**"আমিষেই শক্তি, আমিষেই মুক্তি"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ শাখা
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৭.০৬.০০২.২৩-৩৭৯

তারিখ: ০৪ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ
২০ অক্টোবর ২০২৫ খ্রিস্টাব্দ

## পরিপত্র

জাতীয় মাছ ইলিশ সম্পদ উন্নয়নের লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৯/০৫/২০১৭ তারিখের ৩৩.০০.০০০০.১২৭.০১.০০৯.১০-১৪৫ সংখ্যক পরিপত্রের মাধ্যমে গঠিত উপজেলা টাস্কফোর্স কমিটি সংশোধনপূর্বক নিম্নোক্তভাবে ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত "উপজেলা টাস্কফোর্স কমিটি" পুনর্গঠন করা হলো:

**(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

| ক্রমিক নং | কমিটির সদস্য | কমিটিতে পদবী | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি | সংশ্লিষ্ট উপজেলা |
| ২. | বাংলাদেশ নৌবাহিনীর প্রতিনিধি | সদস্য | যে উপজেলায় উক্ত সংস্থার প্রতিনিধি রয়েছে। |
| ৩. | বাংলাদেশ কোষ্ট গার্ডের প্রতিনিধি | সদস্য | যে উপজেলায় উক্ত সংস্থার প্রতিনিধি রয়েছে। |
| ৪. | নৌ পুলিশ এর প্রতিনিধি | সদস্য | যে উপজেলায় উক্ত সংস্থার প্রতিনিধি রয়েছে। |
| ৫. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য | সংশ্লিষ্ট উপজেলা |
| ৬. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য | সংশ্লিষ্ট উপজেলা |
| ৭. | অফিসার ইন চার্জ | সদস্য | সংশ্লিষ্ট থানা |
| ৮. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য | সংশ্লিষ্ট উপজেলা |
| ৯. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | সদস্য | সংশ্লিষ্ট উপজেলা |
| ১০. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য | সংশ্লিষ্ট উপজেলা |
| ১১. | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা | সদস্য | সংশ্লিষ্ট উপজেলা |
| ১২. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা | সদস্য | সংশ্লিষ্ট উপজেলা |
| ১৩. | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য | সংশ্লিষ্ট উপজেলা |
| ১৪. | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য | সংশ্লিষ্ট উপজেলা |
| ১৫. | জেলে মৎস্যজীবী সমিতির প্রতিনিধি, ৩জন (জাতীয় মৎস্যজীবী সমিতি/বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতি/মৎস্যজীবী, উপজাতি এবং হতদরিদ্র উন্নয়ন সোসাইটি/বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ ইত্যাদি-এর যে কোন ৩টি সংগঠনের ৩জন) | সদস্য | সংশ্লিষ্ট উপজেলায় যে সকল মৎস্যজীবী সংগঠনের দৃশ্যমান কার্যক্রম চলমান সেইরূপ ৩টি সংগঠনের ৩ জন প্রতিনিধি জাতীয় মৎস্যজীবী সমিতি ও বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতির সভাপতি/সদস্য সচিব এবং সংশ্লিষ্ট সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তার সমন্বয়ে মনোনীত হবেন। |
| ১৬, | উপজেলার সকল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | সদস্য | সংশ্লিষ্ট উপজেলা |
| ১৭. | সিনিয়র/উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য-সচিব | সংশ্লিষ্ট উপজেলা |

**কমিটির কার্যপরিধি:**

১. জাটকা ও মা ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে খাদ্য সহায়তা ও বিকল্প কর্মসংস্থান উপকরণ প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে ইউনিয়ন টাস্কফোর্স কমিটি হতে প্রাপ্ত জেলেদের সংশোধিত তালিকা যাচাই বাছাই করে সুফলভোগী জেলেদের অগ্রাধিকার তালিকা চূড়ান্ত করবেন;

২. জাটকা ও মা ইলিশ এবং অভয়াশ্রমে মাছ আহরণ নিষিদ্ধ সময়ের পূর্বে কমিটি সভা করে বাৎসরিক ব্যবস্থাপনা কৌশল এবং কর্মপরিকল্পনা নির্ধারণ করবেন;

৩. জাটকা ও মা ইলিশ আহরণ নিষিদ্ধ সময়ে খাদ্য সহায়তা ও বিকল্প কর্মসংস্থান উপকরণ সুষ্ঠু বিতরণের লক্ষ্যে কমিটির সদস্যগণ প্রয়োজনীয় তদারক করবেন;

৪. জাটকা ও মা ইলিশ রক্ষায় সামাজিক আন্দোলন গড়ে তোলার উদ্দেশ্যে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, হাট-বাজার ও জেলে পল্লীতে ব্যাপকভাবে উদ্বুদ্ধকরণ ও প্রচারণার ব্যবস্থা গ্রহণ করবেন;

৫. জাটকা আহরণ ও ক্রয়-বিক্রয় বন্ধে অভিযান ও ভ্রাম্যমান আদালত পরিচালনা করবেন;

৬. প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ আহরণ, পরিবহন ও ক্রয়-বিক্রয় বন্ধে অভিযান ও ভ্রাম্যমান আদালত পরিচালনা করবেন;

৭. জাটকা ও মা ইলিশ রক্ষার নিমিত্ত বেহুন্দি জাল, কারেন্ট জালসহ অন্যান্য অবৈধ জাল উৎপাদন ও বিপণন এবং ব্যবহার বন্ধে আইনানুগ কার্যক্রম গ্রহণের জন্য ভ্রাম্যমান আদালত, বিশেষ কম্বিং অপারেশন ও অভিযান পরিচালনা করবেন;

৮. অভয়াশ্রমে সকল ধরণের মাছ আহরণ নিষিদ্ধ সময়ে বিশেষ পেট্রোলিং এর উদ্যোগ গ্রহণ করবেন, প্রয়োজনে এতদসংক্রান্ত স্থানীয় ইউনিয়ন কমিটি করে কার্যক্রম বাস্তবায়ন করবেন;

৯. ইলিশ সম্পদ উন্নয়ন সংক্রান্ত সামগ্রীক কাজের সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে কমিটি প্রতি মাসে সভা আহবান করবেন;

১০. কমিটি প্রয়োজনে অন্য সদস্য কো-অপ্ট করতে পারবেন।

২০/১০/২০২৫

(ছাইদা আক্তার পরাগ)
উপসচিব
ফোন-৫৫১০০০৮১
ই-মেইলঃ fisheries-2@mofl.gov.bd

<u>**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**</u>

১. উপজেলা নির্বাহী কর্মকর্তা..............................;
২. উপজেলা কৃষি কর্মকর্তা..............................................;
৩. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা..........................;
৪. অফিসার ইন চার্জ (সংশ্লিষ্ট থানা)........................;
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা..........................;
৬. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা..............................................;
৭. উপজেলা শিক্ষা কর্মকর্তা..............................;
৮. উপজেলা সমাজ সেবা কর্মকর্তা..........................................;
৯. উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা......................;
১০. উপজেলা সমবায় কর্মকর্তা..........................;
১১. প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা..........................;
১২. বাংলাদেশ নৌবাহিনী প্রতিনিধি,........................;
১৩. বাংলাদেশ কোষ্ট গার্ড বাহিনীর প্রতিনিধি...........................;
১৪. নৌ পুলিশ প্রতিনিধি.. ..............................;
১৫. সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তা............................**(সংশ্লিষ্টদেরকে পরিপত্রটি বিতরণ করার অনুরোধ সহ)**;
১৬ . ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)......................................;
১৭. সভাপতি/ মহাসচিব, জাতীয় মৎস্যজীবী সমিতি ও বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতি।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:</u>

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা **(সংশ্লিষ্টদেরকে পরিপত্রটি বিতরণ করার অনুরোধ সহ)**;
২. জেলা প্রশাসক ..................................................;
৩. জেলা মৎস্য কর্মকর্তা......................................;
৪. উপদেষ্টার একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
৫. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(পরিপত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**;
৭. অতিরিক্ত সচিবের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);